সমকাল

তারিখ: 04 JAN 2018
পৃষ্ঠা: ১৯ কলাম: ৮

এসএসসি পরীক্ষা

# ৩০ মিনিট আগে হলে প্রবেশ বাধ্যতামূলক

■ সমকাল প্রতিবেদক

দেশের আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, মাদ্রাসা বোর্ডের দাখিল ও কারিগরি বোর্ডের এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা শুরু হচ্ছে আগামী ১ ফেব্রুয়ারি। পরীক্ষার হলে ৩০ মিনিট আগে প্রবেশ করা সব পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক করা হয়েছে এবার। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এসএসসি ও সমমানের পরীক্ষার আয়োজন-সংক্রান্ত এক সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে না ঢুকলে পরীক্ষা দিতে দেওয়া হবে না। প্রশ্নপত্র ফাঁস ঠেকাতেই এ উদ্যোগ বলে জানা গেছে।

সর্বশেষ জেএসসি পরীক্ষায়ও পরীক্ষার্থীদের ৩০ মিনিট আগে পরীক্ষার হলে ঢুকতে পরামর্শ দেওয়া হয়েছিল। যদিও তা বাধ্যতামূলক করা হয়নি। আসন্ন এসএসসি পরীক্ষায় তা বাধ্যতামূলক করা হলো।

শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এ সভায় মূলত প্রশ্নপত্রের নিরাপত্তা নিয়েই সবচেয়ে বেশি আলোচনা করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন সভায় সভাপতিত্ব করেন। তিনি বলেন, আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষা সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে কোনো ছাড় দেওয়া হবে না। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সব ধরনের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সবাইকে নির্দেশ দেন।

সভায় সুষ্ঠু, নির্বিঘ্ন ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশ্ন ফাঁস রোধে

■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## ৩০ মিনিট আগে

[১৯ পৃষ্ঠার পর]

দীর্ঘমেয়াদি ব্যবস্থা হিসেবে প্রশ্নব্যাংক প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরীক্ষাকেন্দ্রে প্রশ্নপত্র বহনের ক্ষেত্রে নিরাপত্তা ট্যাপযুক্ত বিশেষ খামে পরিবহনের ব্যাপারে আলোচনা হয়। বহু সেট প্রশ্ন প্রস্তুত রাখা, নির্ধারিত সময়ের আগে প্রশ্ন না খোলা, পিন কোড ব্যবহার, অনলাইন বা ইউএসবি ডিভাইসের মাধ্যমে পরীক্ষা কেন্দ্রে প্রশ্ন পাঠানো এবং পরীক্ষা শুরুর আগে থেকে কিছু সময়ের জন্য কেন্দ্র এলাকায় ইন্টারনেট বন্ধ রাখার ব্যাপারেও আলোচনা হয়। সভায় জানানো হয়, পরীক্ষাকেন্দ্রে কেউ স্মার্টফোন ব্যবহার করতে পারবে না।

সভায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ, ড. মোল্লা জালাল উদ্দিন, জাবেদ আহমেদ ও মোহাম্মদ জয়নুল বারী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব কাজী নাজির হোসেন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান, ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. মাহাবুবুর রহমান, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. মোস্তাফিজুর রহমান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের আইটি ম্যানেজার মো. আরফে এলাহী মানিক এবং বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটের ঊর্ধ্বতন বিশেষজ্ঞ রবিউল কবির চৌধুরী উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর